

বেসরকারি শিক্ষক নিবন্ধন ও প্রত্যয়ন কর্তৃপক্ষ (NTRCA)

রেড ক্রিসেন্ট বোরাক টাওয়ার (৪র্থ ও ৫ম তলা)

৩৭/৩/এ, ইস্কাটন গার্ডেন রোড, রমনা, ঢাকা- ১০০০


ফ্যাক্স: ৫৮৩১৫৮০৪, ওয়েবসাইট: www.ntrca.gov.bd

ই-মেইল: ntrca2005@yahoo.com

**e-Requisition এ ভুল সংশোধন প্রসঙ্গে প্রতিষ্ঠান প্রধানের জন্য নির্দেশিকা**

এনটিআরসিএ কর্তৃক ২৬/০৮/২০১৮ তারিখ হতে ৩০/০৯/২০১৮ তারিখ পর্যন্ত বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠানের শূন্য পদের চাহিদা (e-Requisition) অনলাইনে প্রদানের জন্য অনুরোধ করা হয়। উক্ত e-Requisition প্রদানকালে কিছু শিক্ষা প্রতিষ্ঠান ভুল চাহিদা প্রদান করায় তা সংশোধনের সুযোগ প্রদানের জন্য এনটিআরসিএ বরাবর আবেদন করলে ৩০.০৯.২০১৮ তারিখের মধ্যে আবেদনকারী সকল শিক্ষা প্রতিষ্ঠানকে ভুল সংশোধনের সুযোগ প্রদান করা হয়। এতদসত্ত্বেও কিছু প্রতিষ্ঠান এখনও ভুল সংশোধন করার জন্য এখনও এনটিআরসিএ বরাবর আবেদন করছেন।

এমতাবস্থায়, যে সকল প্রতিষ্ঠান e-Requisition এ প্রদত্ত ভুল তথ্য এখনও সংশোধন করতে পারেনি তাদেরকে আগামী ০৬/১০/২০১৮ তারিখের মধ্যে <http://ngi.teletalk.com.bd> অথবা [www.ntrca.gov.bd](http://www.ntrca.gov.bd) এ প্রবেশ করে Check Box পূরণের মাধ্যমে ভুল সংশোধনের সুযোগ প্রদানের জন্য অনলাইনে আবেদন পেশ করার অনুরোধ করা হলো।



(মোঃ তৌহিদুর রহমান)

পরিচালক (শিক্ষাতত্ত্ব ও শিক্ষামান)

এনটিআরসিএ